

বঙ্গোপসাগরে ঝড়ে নিখোঁজ জেলেদের উদ্ধারে উপকূলীয় অঞ্চলে উদ্ধার ও ত্রাণ বিতরণে কাজ করছে নৌবাহিনীর ১৫টি জাহাজ, হেলিকপ্টার ও টহল বিমান কুতুবদিয়ার নিকট হতে ২০ জেলেকে জীবিত উদ্ধার

চট্টগ্রাম, ৩১ মে ২০১৭ : গতকাল মঙ্গলবার ৩০ মে ২০১৭ দুপুরে ঘূর্ণিঝড় ‘মোরা’ সেন্টমার্টিন-কক্সবাজার হয়ে চট্টগ্রাম অতিক্রম করে। এতে সেন্টমার্টিন, কক্সবাজার, টেকনাফ, কুতুবদিয়াসহ উপকূলীয় অঞ্চল ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। ঝড়ের পরপরই বঙ্গোপসাগরে নিখোঁজ জেলেদের উদ্ধারে নৌবাহিনীর ১৫টি জাহাজ, ১টি হেলিকপ্টার ও ১টি টহল বিমান কক্সবাজার, সেন্টমার্টিন, টেকনাফ, চট্টগ্রাম ও খুলনার উপকূলীয় অঞ্চলসহ গভীর সমুদ্রে ব্যাপক তল্লাশী কার্যক্রম শুরু করেছে। ৫টি গ্রুপে বিভক্ত হয়ে নৌবাহিনীর জাহাজসমূহ বাংলাদেশের পুরো সমুদ্রসীমায় একযোগে উদ্ধার অভিযান পরিচালনা করেছে। এদের মধ্যে, ১ম গ্রুপে চট্টগ্রাম বহিঃনোঙ্গর ও তদসংলগ্ন এলাকায় নৌবাহিনী জাহাজ ‘অপারেজয়’, ‘অতন্দ্র’ ও ‘অদম্য’ উদ্ধার অভিযান চালাচ্ছে। ২য় গ্রুপে কুতুবদিয়া ও তদসংলগ্ন এলাকায় রয়েছে ‘মধুমতি’, ‘শাপলা’ ও ‘সুরভি’। কক্সবাজার ও তদসংলগ্ন এলাকায় ৩য় গ্রুপে রয়েছে নৌবাহিনী জাহাজ ‘সান্দু’, ‘দূর্জয়’ ও ‘কে জে আলী’। ৪র্থ গ্রুপে সুন্দর বনের ফেয়ারওয়ে বয়া ও তদসংলগ্ন এলাকায় রয়েছে ‘ধলেশ্বরী’ ও ‘স্বাধীনতা’। এয়াড়া, ৫ম গ্রুপে গভীর সমুদ্রে রয়েছে ‘আবু বকর’, ‘ওসমান’, ‘বিজয়’ ও ‘সমুদ্র অভিযান’। আকাশ হতে জেলেদের খুঁজে বের করার কাজে নিয়োজিত রয়েছে বাংলাদেশ নৌবাহিনীর ১টি হেলিকপ্টার ও ১টি মেরিটাইম পেটোল এয়ারক্রাফট। এছাড়া কক্সবাজার, সেন্টমার্টিন ও তদসংলগ্ন এলাকায় স্থানীয় প্রশাসনকে সহায়তা করার জন্য নৌবাহিনীর একাধিক কন্টিনজেন্ট নিয়োগ করা হয়েছে যারা ক্ষতিগ্রস্তদের ত্রাণসহায়তাসহ নিরাপত্তা প্রদানের দায়িত্ব পালন করে যাচ্ছে।



ঘূর্ণিঝড় ‘মোরা’র আঘাতে সেন্টমার্টিনে আজ বুধবার (৩১-০৫-২০১৭) দুর্গত এলাকার ক্ষতিগ্রস্তদের মাঝে জরুরী ত্রাণ সামগ্রী ও জীবন রক্ষাকারী ঔষধ বিতরণ করছে বাংলাদেশ নৌবাহিনী।

ছবিঃ আইএসপিআর

২০ জেলেকে জীবিত উদ্ধারঃ ঝড়ের পরপরই গতকাল ৩০ মে ২০১৭ নৌবাহিনী জাহাজ সমুদ্র অভিযান ও খাদেম জরুরী উদ্ধার অভিযানে কুতুবদিয়ার উদ্দেশ্যে রওনা দেয়। উদ্ধার অভিযানকালে বানোজা খাদেম কুতুবদিয়ার নিকট গভীর সমুদ্রে বিকল হওয়া ডুবন্ত নৌকা হতে ২০ জেলেকে জীবিত উদ্ধার করে। উদ্ধারকৃত জেলেদের প্রাথমিক চিকিৎসা ও খাবার প্রদান করা হয়েছে। বর্তমানে তারা সবাই সুস্থ আছেন।



নৌবাহিনীর জাহাজ খাদেম আজ বুধবার (৩১-০৫-২০১৭) কুতুবদিয়ার নিকট গভীর সমুদ্রে ভাসমান ২০ জেলেকে জীবিত উদ্ধার করে।
ছবিঃ আইএসপিআর

সেন্টমার্টিন্স ও কুতুবদিয়ায় ত্রাণ এবং চিকিৎসা সেবা প্রদানঃ ঘূর্ণিঝড় মোরার কারণে ক্ষতিগ্রস্ত সেন্টমার্টিন ও কুতুবদিয়ার দুর্গত এলাকায় সকাল থেকে ত্রাণ বিতরণ করেছে নৌবাহিনী জাহাজ সমুদ্র অভিযান ও খাদেম। জরুরী ত্রাণ সহায়তার মধ্যে রয়েছে ৫ টন চাল, ২ টন ডাল, ৩ টন মুড়ি, ৮ টন চিড়া, ২ টন গুড়, ৩ হাজার পিস মোমবাতি, ৩শ কেজি পলিথিন ব্যাগ, ১শ প্যাকেট ম্যাচ বক্স ও ২০ টন বিশুদ্ধ খাবার পানি। এছাড়া, দুর্গত এলাকায় জরুরী চিকিৎসা সহায়তার জন্য ২৩ সদস্যের দুটি বিশেষ মেডিকেল টিম কাজ করছে। তারা ক্ষতিগ্রস্ত এলাকায় বিনামূল্যে চিকিৎসা সেবা, জীবন রক্ষাকারী ঔষধ ও খাবার স্যালাইন বিতরণের কাজে নিয়োজিত রয়েছে। সকাল থেকে সেন্টমার্টিনের নৌ কন্টিনজেন্টে ব্যাপক সংখ্যক মানুষ বিনামূল্যে চিকিৎসা সেবা গ্রহণ করে। বাংলাদেশ নৌবাহিনীর এই উদ্ধার অভিযান, ত্রাণ ও চিকিৎসা সহায়তা প্রদান কার্যক্রম দুর্যোগ পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।



ঘূর্ণিঝড় মোরা'র আঘাতে সেন্টমার্টিনে আজ বুধবার (৩১-০৫-২০১৭) দুর্গত এলাকার ক্ষতিগ্রস্তদের মাঝে জরুরী ত্রাণ সামগ্রী ও জীবন রক্ষাকারী ঔষধ বিতরণ করছে বাংলাদেশ নৌবাহিনী।
ছবিঃ আইএসপিআর